

# Times Today BD

মো. নাসিম | বরিশাল | 14 April, 2025

পহেলা বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ উপলক্ষে রাজাপুর উপজেলা বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) ও এর অঙ্গ ও সহযোগী সংগঠনের উদ্যোগে দিনব্যাপী নানা বর্ণিল কর্মসূচি পালিত হয়েছে। দিনব্যাপী আয়োজন ছিল প্রাণবন্ত ও উৎসবমুখর।

কর্মসূচির শুরুতে সকাল ৯টায় উপজেলা দলীয় কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে আনুষ্ঠানিকতা শুরু হয়। পরে সকাল ১০টায় দলীয় কার্যালয় থেকে এক বর্ণাঢ্য আনন্দ শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রাটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। এরপর সকাল ১১টায় বাঘড়ি চন্দ্রবাণ শিশু নিকেতন মাঠে মহিলাদের জন্য হাডি ভাঙ্গা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়, যা স্থানীয় নারী অংশগ্রহণকারীদের ব্যাপক উৎসাহ ও উদ্দীপনার সৃষ্টি করে। দুপুর ১টায় উপজেলা পুকুরে হাস ধরা প্রতিযোগিতা হয়। শিশু-কিশোরদের অংশগ্রহণে মুখর হয়ে ওঠে পুরো এলাকা। বিকাল ৪টায় রাজাপুর মডেল পাইলট উচ্চ বিদ্যালয় মাঠে হাডুডু খেলা এবং বিকাল ৫টায় একই মাঠে আয়োজন করা হয় তৈলাক্ত কলাগাছ বাওয়া প্রতিযোগিতা। এসব ঐতিহ্যবাহী খেলাধুলা দেখতে ভিড় করেন শত শত স্থানীয় মানুষ।

দিনব্যাপী এসব অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজাপুর উপজেলা বিএনপির সভাপতি তালুকদার আবুল কালাম আজাদসহ অন্যান্য নেতৃবৃন্দ। তিনি বলেন, "বাঙালি সংস্কৃতি ও ঐতিহ্য রক্ষায় বিএনপি সবসময় অগ্রণী ভূমিকা রাখবে। আজকের এই আয়োজন তারই প্রতিফলন।" পহেলা বৈশাখ উপলক্ষে রাজাপুর উপজেলা বিএনপির এমন উৎসবমুখর আয়োজন এলাকাবাসীর প্রশংসা কুড়িয়েছে।

পহেলা বৈশাখ বিএনপি র্যালি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:29

URL: <https://www.timestodaybd.com/barishal/785775807>